পরিদর্শন বহি

অদ্য ১১/০৩/২০১৮ খ্রি: তারিখ সকাল ১১.০০ ঘটিকায় গোপালগঞ্জ সদর উপজেলা সমাজসেবা কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালীন সময়ে জেলার উপপরিচালক, জনাব সমীর মল্লিক, উপজেলা সমাজসেবা অফিসার জনাব সুলতানা জাহিদ পারভীন, প্রকোপ অফিসার জনাব ফারহানা নাসরীন সহ উপজেলার ইউনিয়ন সমাজকর্মীও কারিগরী প্রশিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। উপজেলাধীন পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম পর্যালোচনায় দেখা যায়, সুদমুক্ত ধান ওইবিল (১১-১২ হতে ১৭-১৮) এর ৭৪,০০,০০০/- টাকা আয়-সামাজিক বিভিন্ন আয়বর্ধক কর্মসূচীর জন্য বিভিন্ন স্কীমের বিপরীতে বিনিয়োগ করা হয়েছে। আদায়কৃত অর্থ পুনঃ বিনিয়োগ করা হয়েছে। বিনিয়োগ ও পুনঃ বিনিয়োগের আদায়ের হার ভাল। তবে বিনিয়োগের ক্ষেত্রে স্কীমসং যথাযথভাবে দেওয়া হয় নাই। এক্ষেত্রে পরবর্তীতে আরও সতর্কতার সাথে অগ্রসর হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো। R.S.S কার্যক্রমের আদায়ের হার বৃদ্ধির জন্য মাঠকর্মীদের মধ্যে প্রতিযোগিতা তথা পুরস্কার প্রদানের ব্যবস্থার চালু করা যেতে পারে। সর্বোপরি R.S.S কার্যক্রমের সর্বিক হিসাব রাখার জন্য কেন্দ্রীয় ক্যাশবুক ও গ্রাম ভিত্তিক ক্যাশ বহি আপডেট করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

[signature]

খান মোতাহার হোসেন
উপপরিচালক
কার্যক্রম-১, সমাজসেবা অধি: